

বিষয়: জেলা প্রাণিসম্পদ দপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারী ২০২৩ হতে মার্চ ২০২৩) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি- জনাব ড.জুলফিকার মো: আখতার হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজশাহী।

তারিখ- ২২/০২/২০২৩ খ্রি:

সময়- সকাল ১২.৩০ ঘটিকা

স্থান- জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজশাহী এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক' সংযুক্ত

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারী ২০২৩ হতে মার্চ ২০২৩) নৈতিকতা কমিটির সভার কার্যক্রম শুরু করা হয়। নির্ধারিত সময়ে সভায় উপস্থিত হওয়ায় এবং আন্তর্জাতিক মাতৃভাষা-২০২৩ সৃষ্ট সুন্দর ভাবে পালনের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ কারো কোন আপত্তি না থাকায় পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। অতঃপর সভাপতি মহোদর সভার আলোচ্য সূচি উপস্থাপনের জন্য সদস্য সচিব জনাব ডাঃ মোঃ ফজলে রাব্বী, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহীকে অনুরোধ করেন।

আলোচনাঃ

সভাপতি মহোদরের সভাপতিত্বে প্রতি কোয়ার্টারে নিয়মিতভাবে সভার আয়োজন করা এবং মাঠপর্যায়ে শুদ্ধাচার বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম পরিচালনা চলমান অন্তরায় সমূহ চিহ্নিতকরণ এবং বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। এছাড়া সভাপতি মহোদর, স্টেকহোল্ডারদের তাৎক্ষণিক সেবা প্রদান করা, ভ্যাকসিনের মূল্য তালিকা ও সিটিজেন চার্টার নিজ নিজ দপ্তরে প্রদর্শন করা এবং যথা সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে দায়িত্ব গুনিষ্ঠার সাথে সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।


সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

১। প্রতি কোয়ার্টার নিয়মিত ভাবে সভার আয়োজন করা।

২। মাঠপর্যায়ে শুদ্ধাচার বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে এ সংক্রান্ত পত্র প্রেরণ করা।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির তথ্য ওয়েব সাইটে প্রকাশ করা।।

সভায় আর কোন আলোচনা না থাকার সভাপতি মহোদর উপস্থিত সকল সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


২২.২.২০২৩
ড.জুলফিকার মোঃ আখতার হোসেন
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রাজশাহী।
তারিখ: ২২/০২/২০২৩খ্রি.

স্মারক নং: ৩৩.০১.৮১০০.০০০.৩৯.০০৮.১৭.১৬০(১৩)

জ্ঞাতার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল।


১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী

৩-১২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,(সকল), রাজশাহী।

১৩. ডেপুটি সার্জন, মেট্রো প্রাণিসম্পদ দপ্তর, বোয়ালিয়া, রাজশাহী।

১৪. অফিস কপি।


২২.২.২০২৩
ড.জুলফিকার মোঃ আখতার হোসেন
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রাজশাহী।